



# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩-২০২৪



উপজেলা সমবায় কার্যালয়, উজিরপুর, বরিশাল।

সমবায় অধিদপ্তর

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## উপদেষ্টা



মোঃ রিয়াদ খান  
উপজেলা সমবায় অফিসার  
উজিরপুর, বরিশাল।

## সম্পাদনা পরিষদ



মোঃ মাইনুল হোসেন খান  
সহকারী পরিদর্শক



খালেদা আক্তার  
সহকারী পরিদর্শক

## সংকলন



মোঃ সোহেল  
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর

## সার্বিক সহযোগিতায়ঃ



মোঃ রুহুল আমিন আকন  
অফিস সহায়ক

## প্রকাশনায়-

উপজেলা সমবায় কার্যালয়  
উজিরপুর, বরিশাল।

প্রকাশকাল: অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

E-mail : [ucowazirpur@gmail.com](mailto:ucowazirpur@gmail.com)

Website: [www.cooperative.wazirpur.barisal.gov.bd](http://www.cooperative.wazirpur.barisal.gov.bd)



## সমবায় সংগীত

কাজী নজরুল ইসলাম

“ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে আয়।

দুঃখ জয়ের নবীনমন্ত্র- 'সমবায়, সমবায়!'

ক্ষুধার জ্বালায় মরেছি সুখার কলস থাকিতে ঘরে!

দারিদ্র্য, ঋণ, অভাবে মরিয়াছি না চিনে পরস্পরে!

মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!

সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়।।

মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,  
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?

জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে

আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়।।

দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের যঁতাকলে

এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।

সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে

মিলিয়াছি তাই রবে না জগতে প্রবলের অন্যায়।।



নিবন্ধক ও মহাপরিচালক  
সমবায় অধিদপ্তর, ঢাকা

## বাণী

প্রতি বছরের ন্যায় এ বছরও সমবায় বিভাগ, রাজশাহীর সার্বিক কার্যক্রম সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। যে কোনো দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সমবায় একটি পরীক্ষিত মাধ্যম। সমবায়ের মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র পুঁজি একত্রিত করে বৃহৎ পুঁজি গঠন করা যায় এবং তার মাধ্যমে অর্থনীতির ভিত মজবুত করা যায়।

দেশের কর্মক্ষম বিশাল জনগোষ্ঠীকে দক্ষ মানব সম্পদে পরিণত করার জন্য সমবায়ের গুরুত্ব অপরিণীম। কৃষি, মৎস্য, তাঁতি, পরিবহনসহ পেশাভিত্তিক সমবায় সমিতি দারিদ্র্য-বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির প্রায় সকল খাতেই আজ সমবায়ভিত্তিক কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে।

প্রতিবেদনে সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসেবে রাজশাহী বিভাগাধীন সমবায় সমিতির সংখ্যা, সদস্য, মূলধন, ঋণ বিতরণ, কর্মসংস্থান সৃষ্টি, সরকারি রাজস্ব আদায়, মুনাফা ও লভ্যাংশ বিতরণের পাশাপাশি সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সমবায় দপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ ও পদক্ষেপের বিবরণ তুলে ধরা হয়েছে।

ঘার্মীণ অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। বিভিন্ন ভোগ্য ও ব্যবহার্য পণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে আয়-বৈষম্য দূরীকরণ ও অর্থনীতিকে শক্তিশালীকরণে দৃশ্যমান অবদান রাখছে সমবায়।

বার্ষিক প্রতিবেদনটি দেশের সমবায় কর্মকাণ্ড সম্পর্কে জানতে আগ্রহী সকল মহলের চাহিদা মেটাতে সক্ষম হবে বলে আমি মনে করি। প্রতিবেদন প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই।



মোঃ শরিফুল ইসলাম

## মুখবন্ধ

সেই প্রাগৈতিহাসিক কাল হতে মানুষ সমন্বিতভাবে একে অপরের সুখ-দুঃখ ভাগাভাগি করে সমবেতভাবে বসবাস করে আসছে এবং সমবায় চিন্তায় কাজ কর্ম করে জীবিকা নির্বাহ করে আসছে। তাই বলা যায়, “সমবায় চিন্তা” মানুষের সহজাত।

আধুনিক কালে এই সমবায় চিন্তা আরো শানিত ও কার্যকরীভাবে প্রয়োগ করে মানব সভ্যতাকে আরো এগিয়ে নেয়াই হচ্ছে আমাদের লক্ষ ও উদ্দেশ্য।

বর্তমানে সমবায় বলতে আমরা বুঝি-এর সদস্যদের দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় একীভূত করে পুঁজি গঠন, লাভজনক বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসইভাবে দারিদ্র বিমোচন করা।

বৈষম্য দূরীকরণে, উজিরপুর, বরিশাল অঞ্চলের দারিদ্র্য ও নিম্নবিত্ত মানুষদের তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও প্রচেষ্টা দিয়ে- সমবায়ের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন করতে হবে। উৎপাদন, বিপণন ও সুসম বন্টন ব্যবস্থা গড়ে তুলে আয় বৈষম্য দূরীকরণে ভূমিকা রেখে আঞ্চলিক ও জাতীয় অর্থনীতিকে শক্তিশালী করনেও দৃশ্যমান অবদান রাখতে পারে সমবায়।

প্রতিবেদনটিতে উজিরপুর, বরিশাল ব্যাপী সমবায় সমিতিগুলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানত, বর্তমান অবস্থা ও সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা হয়েছে। এছাড়াও এ অঞ্চলের সমবায় সমিতি সমূহ এ অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি সার্বিক চিত্র তুলে ধরতেই এই প্রতিবেদন প্রকাশ করা।

সবমিলিয়ে বর্তমান সরকার ও সমবায় অধিদপ্তরের ঐকান্তিক প্রচেষ্টায় আমরা বিশ্বাস করি, সমবায়ী চিন্তা ও কার্যক্রমের মাধ্যমেই দেশ নতুন পথে নতুন ভাবে এগিয়ে যাবে।



মোঃ রিয়াদ খান  
উপজেলা সমবায় অফিসার  
উজিরপুর, বরিশাল।

## সূচিপত্র

১ম অধ্যায় - উপজেলা সমবায় দপ্তর, উজিরপুর, বরিশাল।

২য় অধ্যায়- উজিরপুর উপজেলার সমবায় খাতের অগ্রগতি

৩য় অধ্যায়- জাতীয় সমবায় পুরস্কার-২০২৩ এর তথ্য ও চিত্র

৪র্থ অধ্যায়-প্রশিক্ষণ কার্যক্রম

৫ম অধ্যায়- উন্নয়ন প্রকল্প

# ১ম অধ্যায়

উপজেলা সমবায় কার্যালয়, উজিরপুর, বরিশাল

১. উপজেলা সমবায় কার্যালয়, উজিরপুর, বরিশাল এর রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী

১.১ রূপকল্প :

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য :

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র :

১.৩.১ উপজেলা সমবায় দপ্তর, উজিরপুর, বরিশাল এর কর্মসম্পাদনের ক্ষেত্রে:

- ১ টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;
- ২ উৎপাদন, আর্থিক ও সেবা খাতে সমবায় গঠন;
- ৩ সমবায় সংগঠনের সক্ষমতাবৃদ্ধি ও উদ্যোক্তা সৃজন;
- ৪ দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ:

১.৪ কার্যাবলী :

১. সমবায় আদর্শে/দর্শনে উন্মুখকরণ ও সমবায় গঠন;
২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;
৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃজনে সহায়তা করা;
৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;
৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি করা;
৭. গ্রামীণ মহিলা ও সাধারণ জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;
৮. সমবায় পন্য ব্যান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;
৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;

১.৫ উপজেলা সমবায় দপ্তর, উজিরপুর, বরিশাল এর লক্ষ্য এবং দায়িত্ব:

১. সমবায় আন্দোলনের প্রশাসনিক এবং ব্যবস্থাপনা বিষয়ক নীতিমালার আলোকে প্রণীত সমবায় সমিতি আইন এবং বিধিমালার ব্যবহারিক প্রয়োগ তত্ত্বাবধান করা।
২. উপজেলা সমবায় দপ্তর, উজিরপুর, বরিশাল এর কর্মকর্তা কর্মচারী এবং সমবায় সমিতির সদস্য, ব্যবস্থাপনা কমিটির সদস্য, বেতনভুক্ত কর্মচারীদেরকে বিভিন্ন পদ্ধতি ও প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায় নীতিমালা ও এর প্রায়োগিক বিষয়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা;
৩. সমবায় সমিতি আইন ও বিধিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা সাপেক্ষে, মূলধন গঠন ও বিনিয়োগ, সঠিক ব্যবস্থাপনা, তহবিলের যথাযথ ব্যবহার করতঃ সমিতির স্বাভাবিক এবং আইনগত কার্যক্রম ও অন্যান্য বিষয়াদি পরিচালনার জন্য সমবায় সমিতি সংগঠন, নিবন্ধন এবং অডিট করা;

৪. যুগের চাহিদা মোতাবেক সমিতি পরিচালনার সুবিধার্থে সমবায় সমিতি আইন ও বিধিমালা সংশোধনের জন্য পরামর্শ প্রদান করা এবং উপজেলা সমবায় অফিসারের উপর অর্পিত বিধিবদ্ধ দায়িত্ব পালন এবং ক্ষমতা প্রয়োগ করা;

৫. সমবায় সমিতির কার্যক্রম সম্পর্কে জরিপ, গবেষণা এবং কেস স্টাডি পরিচালনা করে ফলাফল এবং প্রতিবেদন প্রকাশ করা এবং নিবন্ধক ও মহাপরিচালকের নিকট সুপারিশ পেশ করা;
৬. বাংলাদেশ ব্যাংক, কৃষি ব্যাংক, বিএডিসি ইত্যাদি সরকারি এবং স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সহায়তায় প্লান্ট স্থাপন এবং পণ্য আমদানী রপ্তানীর জন্য ঋণ ও যন্ত্রপাতিসমূহ এবং সমবায় সমিতির জন্য অন্যান্য দ্রব্য ও প্রয়োজনীয় সেবার ব্যবস্থা করা।
৭. সমবায়ের প্রচার, প্রকাশনা ও সম্প্রসারণমূলক কর্মকাণ্ড পরিচালনা করা ; এবং
৮. দাপ্তরিক প্রশাসন পরিচালনা ।

#### ১.৬ প্রশিক্ষণ প্রতিষ্ঠান:

দেশের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে **উপজেলা সমবায় দপ্তর, উজিরপুর, বরিশাল**, বাংলাদেশ সমবায় একাডেমী ও শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট বরিশাল এর মাধ্যমে বিভাগীয় কর্মকর্তা/কর্মচারী এবং সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করে থাকে।

#### ১.৭ সমবায় দিবস:

আন্তর্জাতিক সমবায় দিবসঃ জুলাই মাসের ১ম শনিবার

জাতীয় সমবায় দিবসঃ নভেম্বর মাসের ১ম শনিবার

#### ১.৮ সমবায় সমিতি সংক্রান্ত তথ্য:

১.৮.১ সমিতির স্তর বিন্যাস: দেশের মোট সমবায় সমিতিসমূহ ৩টি স্তরে বিভক্ত-

ক. প্রাথমিক সমবায় সমিতি

খ. কেন্দ্রীয় সমবায় সমিতি

গ. জাতীয় সমবায় সমিতি

অপরদিকে সমিতি গঠনের উদ্যোগ, অর্থায়ন ও সেবা প্রদানের দৃষ্টিকোণ থেকে সমবায় সমিতিসমূহকে দু'ভাগে ভাগ কর

ক. সাধারণ সমবায় সমিতি

খ. বিআরডিবি সমর্থনপুষ্ট সমবায় সমিতি

#### ১.৮.২ সমিতির সংখ্যাঃ

২০২৩-২০২৪ অর্থবছরের ৩০ জুন পর্যন্ত বরিশাল সদর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ৫৫৯ টি, যার স্তর বিন্যাস নিম্নরূপ:

স্তর/শ্রেণি	সংখ্যা
জাতীয়	নাই
কেন্দ্রীয়	০১ টি
প্রাথমিক সাধারণ	২৯৪ টি
প্রাথমিক (পউব)	১০২ টি
মোট =	৩৯৭ টি



### ১.৮.৩ সমিতির সম্পদ:

উজিরপুর উপজেলার সমিতির ভৌত সম্পদ, বিনিয়োগকৃত আর্থিক সম্পদ, মজুদ তহবিল ইত্যাদির মোট পরিমাণ প্রায় ২কোটি ১৫ লক্ষ ১৯ হাজার টাকা।

### ১.৮.৪ প্রশাসনিক কর্মকাণ্ড:

কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রোজস্ব বাজেটে):

সংস্থার নাম	উপজেলা কর্মকর্তার পদ	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
১	২	৩	৪	৫	৬	৭
উপজেলা সমবায় দপ্তর, উজিরপুর, বরিশাল। (মোট পদ সংখ্যা)	০১	--	০১	০৩	০১	০৫

### ১.৮.৫ কর্মসংস্থান:

সমবায় সমিতির মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩০ জুন পর্যন্ত সর্বমোট ৪,৮৭০ জন লোকের প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হয়েছে।

### ১.৮.৬ অডিট ফিও নিবন্ধন ফি আদায়:

উপজেলা সমবায় দপ্তর, উজিরপুর, বরিশাল সরকারী রাজস্ব (ননট্যাক্স) আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সমবায় সমিতি নিবন্ধনের সময় নিবন্ধন ফি আদায় করা হয়। অপর দিকে সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করার পর সমিতি হতে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর ১০৭ বিধি অনুযায়ী নির্দিষ্ট হারে অডিট ফি আদায় করা হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে সমবায় উপজেলা সমবায় দপ্তর, উজিরপুর, বরিশাল কর্তৃক নিবন্ধন ফি হিসেবে ১,২০০/- টাকা এবং অডিট ফি হিসেবে ৭৭,৩৩০/- টাকা অর্থাৎ মোট ৭৮,৫৩০/- টাকা রাজস্ব সরকারি কোষাগারে জমা হয়েছে।

### ১.৮.৭ সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) আদায়:

সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধন ২০২০) এর ৮৪(২) বিধি অনুযায়ী প্রত্যেক সমবায় সমিতি প্রতি সমবায় বর্ষে নীট মুনাফা হতে ৩% অর্থ সমবায় উন্নয়ন তহবিলের অনুকূলে জমা করার মাধ্যমে উক্ত তহবিল গঠিত হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা সমবায় দপ্তর, উজিরপুর, বরিশাল ২৭,৮২২/- টাকা সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) আদায় করতে সক্ষম হয়েছে।

### ১.৮.৮ সমবায় প্রশিক্ষণ:

সমবায় সমিতির কার্যক্রমে আইনানুগ নিয়ন্ত্রণ ও সমবায়ীদের উন্নয়ন মূলক কর্মকাণ্ডে গতিবৃদ্ধির জন্য সমবায় প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম। এলক্ষে বাংলাদেশ সমবায় একাডেমি ও শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট বরিশাল এর পাশাপাশি উপজেলা সমবায় দপ্তরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট রয়েছে। উক্ত ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক চাহিদানুযায়ী তৃণমূল পর্যায় সমবায় ব্যবস্থাপনা, হাঁস-মুরগী ওগবাদী পশু-পালন, বৃক্ষরোপণ, স্যানিটেশন প্রভৃতি আয়বর্ধক ও আত্র-কর্মসংস্থান মূলক বিষয়সহ জাতীয় কর্মসূচীর আওতাভুক্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের অগ্রগতি চিত্রনিম্নরূপঃ

ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের অগ্রগতিঃ

প্রশিক্ষণের ধরণ	কোর্সের সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা
ভ্রাম্যমাণ প্রশিক্ষণ	০৩	৭৫

সমবায় ইন্সটিটিউড বিভিন্ন প্রশিক্ষণ	০৭	২২
মোট	১০	৯৭

১.৮.৯ সমবায় সমিতির অডিট : (২০২৩-২০২৪)

সমিতিরস্তর	অডিট যোগ্য সমিতির সংখ্যা	অডিট কৃত সমিতির সংখ্যা	অগ্রগতির হার সেপ্টেম্বর/২৪ (%)
জাতীয় সমিতি	নাই	নাই	--
কেন্দ্রীয় সমিতি	০১ টি	০০ টি	০%
প্রাথমিক সমিতি (সাধারণ)	২৪৭ টি	৬০ টি	২৫%
মোট =	২৪৮ টি	৬০ টি	২৫%

১.৮.১০ প্রচার ও প্রকাশনা কার্যক্রম:

- ❖ সমবায়ের কার্যক্রম প্রচার
- ❖ সমবায় পত্রিকা ও সাময়িকী প্রকাশ: ত্রৈমাসিক সমবায়, কো-অপারেশন, নিউজ লেটার
- ❖ বিভিন্ন সেমিনার ও কর্মশালা আয়োজন
- ❖ জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদযাপন
- ❖ জাতীয় সমবায় পুরস্কার সংক্রান্ত
- ❖ রেডিও ও টেলিভিশন সহ অন্যান্য গণ মাধ্যমের সাথে যোগাযোগ ও প্রচার সংক্রান্ত কাজ
- ❖ সমবায় সংক্রান্ত বিভিন্ন প্রদর্শনী

## ১.৯ -উপজেলা সমবায় কার্যালয়, উজিরপুর, বরিশাল এর উল্লেখযোগ্য কার্যক্রম

### \*\*\* ৫২ তম জাতীয় সমবায় দিবস উদযাপন:

৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে ৫২ তম জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষ্যে সমবায় বিভাগ বরিশালের সার্বিক তত্ত্বাবধানে এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান সার্কিট হাউজ, বরিশালে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব আব্দুল মজিদ সিকদার(বাচ্চু) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মো: গিয়াস উদ্দিন বেপারী, মেয়র উজিরপুর পৌরসভা, উজিরপুর, বরিশাল, জনাব এস এম জামাল হোসেন, সভাপতি, উজিরপুর আওয়ামী লীগ, বরিশাল, জনাব অপূর্ব কুমার বাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল, জনাব সীমা রানী শীল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উজিরপুর, বরিশাল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব ফারিহা তানজিল, উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল।



৫২ তম জাতীয় সমবায় দিবস- ২০২৩ উদযাপন



৫২ তম জাতীয় সমবায় দিবস- ২০২৩ উদযাপন

## ২য় অধ্যায়

### উজিরপুর উপজেলার সমবায় খাতের অগ্রগতি

বাংলাদেশে সমবায়ের কার্যক্রম শতবর্ষ অতিক্রম করেছে। সুদীর্ঘ পথ পরিক্রমায় বিশ্ব অর্থনীতির জোয়ার ভাটা সমবায়ের উপর দিয়ে প্রবাহিত হয়েছে। পুঁজিবাদের প্রবল দাপটে মাঝে মধ্যে সমবায়ের আবস্থা নাজুক হলেও এর ফলপ্রসূ কার্যকারিতা তাকে টিকিয়ে রেখেছে আর্থ-সামাজিক উন্নয়নের সার্বজনীন উপযোগী মাধ্যম হিসেবে। নতুন শতাব্দীতে সমবায় নতুন ভাবধারায় উজ্জীবিত হয়েছে। ফলে বিভিন্ন মাপকাঠিতে এর ক্রম অগ্রসরতা দৃশ্যমান হয়। অর্থনীতির এ খাতের সাফল্য পরিসংখ্যানের নিয়মে পরিমাপ করা সু:স্বাধ্য বিষয়। তবে কিছু নিয়ামক রয়েছে যার মাধ্যমে এর সফলতা ও ব্যর্থতার একটি ধারণা পাওয়া যেতে পারে। এ দেশের প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রমই সমবায় আনন্দলনের মূল চালিকা শক্তি। নিম্নে এরূপ প্রাথমিক সমবায় সমিতির কিছু নিয়ামক চিত্র তুলে ধরা হলো:

## ২.১ প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা:

নতুন সহশ্রাব্দে সমবায়ের কিছু নতুন মাত্রা যুক্ত হওয়ায় এর জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। ফলে নতুন সমবায় সমিতি নিবন্ধনের প্রক্রিয়াও অব্যাহত রয়েছে। প্রতি বছরই উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সমিতি নিবন্ধিত হচ্ছে। বিগত পাঁচ বছরে সমবায় সমিতির সংখ্যার ঘটেছে। জেলা সমবায় কার্যালয়, বরিশাল এর সরাসরি তত্ত্বাবধানে গঠিত সমবায় সমিতির পাশাপাশি অন্যান্য সরকারি ও বেসরকারি উদ্যোগেও বিভিন্ন ক্যাটাগরীর সমবায় সমিতি নিবন্ধিত হয়ে থাকে। বিশেষ করে প্রাথমিক সমবায় সমিতি সংগঠনের ধারা অন্যান্য সময়ের চেয়ে বর্তমানে অনেক বেশি। ২০২৩-২০২৪ অর্থ বছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত উজিরপুর উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা দাড়িয়েছে- সমবায় বিভাগীয়: ২৯৪ টি ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতাধীন প্রাথমিক সমিতি: ১০২ টি।

## ২.২ প্রাথমিক সমবায় সমিতির সদস্য সংখ্যা:

উন্নয়ন কার্যক্রমে জনগণের অংশীদারিত্ব উন্নয়নের অন্যতম নির্দেশক। সমবায় নিম্ন বিত্তের সংগঠন হিসাবে আবির্ভূত হলেও বর্তমানে সকল শ্রেণির বিপুল সংখ্যক জনগোষ্ঠী সমবায়কে আর্থ-সামাজিক উন্নতির একটি পরীক্ষিত কৌশল হিসাবে বেছে নিয়েছে। সমবায় শুধু অর্থনৈতিক উন্নয়নই নয় পাশাপাশি সামাজিক উন্নয়নেও বিশেষ অবদান রেখে থাকে প্রতিবেদনাধীন বছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত সমবায় সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা বিগত বছরসমূহের চেয়ে বৃদ্ধি পেয়েছে। সদস্য সংখ্যা: পুরুষ- ২৬,০০৮ জন ও মহিলা- ১৪,৭৯৮ জন সহ সর্বমোট ৪০,৮০৬ জন।

## ২.৩ শেয়ার মূলধন:

দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র পুঁজির সমন্বয় ঘটিয়ে বৃহৎ মূলধন তৈরি এবং উক্ত মূলধন বিনিয়োগ করে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি করাই হচ্ছে সমবায়ের লক্ষ্য অর্জনের মূল কৌশল। যার প্রধান উৎস হলো সদস্যদের নিকট থেকে শেয়ার আদায়। বিগত বছরের তুলনায় পরিশোধিত শেয়ার মূলধন বৃদ্ধি পেয়ে চলতি বছরের ২০২৪ খ্রি. পর্যন্ত দাড়িয়েছে: ২ কোটি ৬৮ লক্ষ ৫৩ হাজার টাকা।

## ২.৪ সঞ্চয় আমানত:

সমবায় সমিতির মূলধন গঠনে শেয়ারের পরে সঞ্চয়ের ভূমিকা উল্লেখযোগ্য। সদস্যরা নিয়মিতভাবে সমিতিতে সঞ্চয় জমা করে তা লাভজনক ব্যবসায় বিনিয়োগ করে থাকে। বিগত বছর সমূহের তুলনায় সঞ্চয় আদায় বৃদ্ধি পাচ্ছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত সদস্যদের সঞ্চয় দাড়িয়েছে ৭ কোটি, ৩৫ লক্ষ ২৪ হাজার টাকা।

## ২.৫ সংরক্ষিত তহবিল ও গঠিত অন্যান্য তহবিল:

সমবায় সমিতিগুলোর নীট লাভ থেকে নির্দিষ্ট হারে বিভাজনের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ সংরক্ষিত ও অন্যান্য তহবিলে জমা হয়ে থাকে। এ তহবিলও সমিতির মূলধন হিসাবে গণ্য হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরের জুন ২০২৪ খ্রি.

পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতিগুলোর সংরক্ষিত তহবিল ও নীট লাভ হতে গঠিত তহবিলের পরিমাণ ৭ কোটি ২৩ লক্ষ ৮৮ হাজার টাকা।

#### ২.৬ কর্যবরী মূলধন:

সমবায় সমিতির শেয়ার মূলধন, সঞ্চয় ও সংরক্ষিত তহবিল সমবায় সমিতির কর্যবরী মূলধনের উল্লেখযোগ্য অংশ গঠন করে থাকে। ২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমূহের কর্যবরী মূলধনের পরিমাণ দাড়িয়েছে ১৮ কোটি ৫৫ লক্ষ ৬৫ হাজার টাকা।

#### ২.৭ বিনিয়োগ:

সমবায় সমিতিগুলো তাদের নিজস্ব মূলধন ও ধারকৃত মূলধন বিভিন্ন লাভজনক, আয়ববর্ধক ব্যবসা ও কাজে বিনিয়োগ করে থাকে। ২০২৩-২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমূহের মোট বিনিয়োগের পরিমাণ দাড়িয়েছে ৪ কোটি ৮৮ লক্ষ ২৪ হাজার টাকা।

#### ২.৮ ঋণ বিতরণ:

২০২৩ - ২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমূহের বিতরণকৃত ঋণের পরিমাণ ১৯ কোটি ৫৭ লক্ষ ৯৫ হাজার টাকা।

#### ২.৯ ঋণ আদায়:

২০২৩ - ২০২৪ অর্থবছরের জুন ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমূহের আদায়কৃত ঋণের পরিমাণ দাড়িয়েছে ১৪ কোটি ৩৩ লক্ষ ৬৬ হাজার টাকা।

#### ২.১০ অডিট ফি:

প্রাথমিক সমবায় সমিতিগুলো প্রতিবছর তাদের নীট মুদফার ১০% হারে সর্বোচ্চ ১০,০০০/- টাকা পর্যন্ত অডিট ফি হিসাবে সরকারি কোষাগারে (ট্রেজারী চালানোর মাধ্যমে) জমা দিয়ে থাকেন। ২০২২-২০২৩ অর্থবছরে ৯৬ টি প্রাথমিক সমবায় সমিতি সমূহের অডিট ফি ধার্য ৭৭,৭৩০/- টাকা, সেপ্টেম্বর ২০২৪ খ্রি.মাস পর্যন্ত সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে ৬৯,৫৭০/- টাকা। আদায়ের শতকরা হার ৯০%।

### **তৃতীয় অধ্যায়**

#### **জাতীয় সমবায় পুরস্কার-২০২৪ এর তথ্য ও চিত্র**

জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০১১ অনুযায়ী সমবায়ের ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে বাংলাদেশ সরকার কর্তৃক প্রতি বছর ১০ টি ক্যাটাগরিতে সমবায় সমিতি/সমবায়ীকে জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হয়। এর আওতায় উপজেলা বাছাই কমিটি বরিশাল সদর কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৪ এর জন্য ০১ টি ক্যাটাগরি হইতে ০১ টি শ্রেষ্ঠ সমবায় সমিতি মনোনয়ন দিয়ে জেলা বাছাই কমিটির নিকট প্রেরণ করা হয়। নিম্নে উপজেলা বাছাই কমিটি কর্তৃক মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা দেখানো হ'লঃ

ক্যাটাগরি নং ০৮, বরিশাল সংযুক্ত তাঁতী সমবায় সমিতি লি: (শ্রেষ্ঠ সমবায় সমিতি)

ক্রঃনং	সমিতির শ্রেণী	সমবায় সমিতির নাম	প্রাপ্ত নম্বর	মন্তব্য
০১	(৮) তাঁতী সমবায় সমিতি	বরিশাল সংযুক্ত তাঁতী সমবায় সমিতি লি:	৯৬	২০২৪ সালের জন্য

### চতুর্থ অধ্যায়

#### প্রশিক্ষণ :

সমবায় অধিদপ্তর কর্তৃক নির্দেশনা মোতাবেক বিভিন্ন প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষণ গ্রহন করে সমবায় সমিতির সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন একং আত্ম-কর্মসংস্থান সুযোগ সৃষ্টি হয়ে সমিতির সদস্যরা এখন দক্ষ, সুশৃঙ্খল ও স্বাবলম্বী হয়েছেন। বাংলাদেশ সমবায় একাডেমি কোটবাড়ী কুমিল্লা জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও তার আওতাধীন বরিশাল আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কাশিপুর, বরিশাল সমবায়ীদের এবং সমবায় বিভাগে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

#### বাংলাদেশ সমবায় একাডেমি কোটবাড়ী কুমিল্লা :



বাংলাদেশ সমবায় একাডেমিতে ২০২৩-২০২৪ প্রশিক্ষণ বর্ষে বরিশাল জেলার সদর উপজেলার সমিতির সদস্যদের মোট ২ (দুই) টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্স সমূহে সর্বমোট ০৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।



বাংলাদেশ সমবায় একাডেমিতে ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রশিক্ষণ অগ্রগতি :

ক্রঃ নং	কোর্সের সংখ্যা	কর্মকর্তা/কর্মচারী	সমবায়ী	লক্ষমাত্রা	অর্জন
০১	০১	০১	০৩	০৪	০৪
০১	০২	০০	০৪	০৪	০৪

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট কাশিপুর, বরিশাল:



আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট কাশিপুর, বরিশালে ২০২৩-২০২৪ প্রশিক্ষণ বর্ষে বরিশাল সদর, উপজেলার সমিতির সদস্যদের মোট ০৯ (নয়) টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্স সমূহে সর্বমোট ২৭ (সাতাশ) জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট কাশিপুর, বরিশালে ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রশিক্ষণ অগ্রগতি :

ক্রঃ নং	কোর্সের সংখ্যা	কর্মকর্তা/কর্মচারী	সমবায়ী	লক্ষমাত্রা	অর্জন
০১	১০	০২	২২	১০	১০০%

ভ্রাম্যমাণ প্রশিক্ষণ:

উপজেলা সমবায় সমবায় কার্যালয়, উজিরপুর, বরিশাল কর্তৃক আয়োজিত ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ব্যবস্থা রয়েছে। এছাড়াও বিভিন্ন সমবায়ীদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দিয়ে হাঁস মুরগী গরু ছাগল ও গৃহপালিত অন্যান্য পশু লালন

পালনের জন্য খামার তৈরির কর্মকৌশল, মৎস্য উৎপাদন বৃদ্ধি, বাড়ির আঙিনায় শাক-সবজি ফলমূল চাষ করে আয় বৃদ্ধি, সমবায় সমিতির রেকর্ড সংরক্ষণ ও হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও অডিট সম্পাদন, আইজিএ (সেলাই) প্রশিক্ষণ গ্রহণ করে থ্রিপিচ, ফতুয়া, বাচ্চাদের পোষাক তৈরী করে সমিতির সদস্য লাভবান হয়েছেন এবং বিভিন্ন প্রকার শাড়ী, থ্রিপিচ, ফতুয়া, বিছানারচাদরে ব্লক বাটিক করে আত্ম-কর্মসংস্থান সুযোগ সৃষ্টি হয়ে সমিতির সদস্যরা এখন স্বাবলম্ভী হয়েছেন। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা সমবায় কার্যালয়, উজিরপুর, বরিশালে ০৪টি প্রামাণ্য প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।



# সমাপ্ত